

পশ্চিমবঙ্গ সরকার

শ্রম দপ্তর

এল ডব্লু. শাখা

নং লেবার/২৫৬ / (এল সি - এল ডব্লু.)

তারিখ: কলকাতা, ৩রা এপ্রিল, ২০১৭

এল ডব্লু. / ৫এম - ১১২ / ১৬

সংশোধনী

ভবন ও অন্যান্য নির্মাণকর্মী (কর্মসংস্থান ও চাকুরীর শর্ত সমূহের নিয়ন্ত্রণ) আইন, ১৯৯৬ এবং এই আইনের অধীনে প্রণীত বিধি অনুসারে ২০০৬ সালে নির্মাণ ক্ষেত্রের শ্রমিকদের জন্য একটি সুরক্ষা প্রকল্প গঠিত ও চালু হয়। এই প্রকল্পটি উক্ত আইন আনুযায়ী “ভবন ও অন্যান্য নির্মাণ কর্মীদের কল্যাণ পর্যদ”-এর অধীনে পরিচালিত হয়।

২। এই কল্যাণ পর্যদ ভবন এবং অন্যান্য নির্মাণকর্মীদের হাসপাতালে ভর্তি ও দুর্ঘটনাজনিত প্রতিবন্ধকতার জন্য সহায়তা, চিকিৎসা সহায়তা, মাতৃত্বকালীন সহায়তা, স্বাভাবিক মৃত্যু এবং দুর্ঘটনাজনিত মৃত্যুর জন্য সহায়তা, উপভোক্তার নিজের পেনশন ও পারিবারিক পেনশন, দুর্ঘটনাজনিত স্থায়ী শারীরিক প্রতিবন্ধকতাজনিত পেনশন, নির্মাণকর্মীর নিজের / তার সন্তানদের শিক্ষার জন্য অনুদান সহ বিভিন্ন প্রকার আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

৩। ভবন এবং অন্যান্য নির্মাণকর্মীদের পেনশন সংক্রান্ত সহায়তা ব্যতীত নির্মাণ ও পরিবহণ ক্ষেত্র সহ রাজ্যের সকল অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য নির্ধারিত অন্যান্য সহায়তাগুলিকে একটি সংহত ও একীকৃত সামাজিক সুরক্ষা প্রকল্পের অন্তর্ভুক্ত করার প্রসঙ্গটি বেশ কিছুকাল ধরেই সক্রিয়ভাবে রাজ্য সরকারের বিবেচনাধীন ছিল।

৪। তদানুসারে বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করে মহামান্য রাজ্যপাল সন্তোষপূর্বক ভবন এবং অন্যান্য নির্মাণকর্মী ও তাঁদের পরিবারের জন্য বর্তমান প্রকল্প অনুসারে প্রদত্ত সামাজিক সুরক্ষামূলক সহায়তাগুলিকে এতদ্বারা নিম্নরূপে সংশোধন করলেন:

সহায়তা সমূহ	প্রদেয় অর্থরাশি
পেনশন	
নথিভুক্ত শ্রমিকের জন্য	মাসিক ৭৫০/- টাকা হারে পেনশন প্রদত্ত হবে এবং পাঁচ বছরের বেশি নথিভুক্ত থাকলে পরবর্তী প্রতি বছরের জন্য আরও ১০/- টাকা করে পেনশন বৃদ্ধি পাবে।
নথিভুক্ত শ্রমিকের পরিবার	নথিভুক্ত শ্রমিকের সর্বশেষ প্রাপ্ত পেনশনের ৫০ শতাংশ হারে।
অন্যান্য সুরক্ষামূলক সহায়তা	
দুর্ঘটনাজনিত স্থায়ী শারীরিক প্রতিবন্ধকতার জন্য পেনশন	মাসিক ৭৫০/- টাকা হারে।

- ৫। বর্তমান প্রকল্পের অনুচ্ছেদ ৪-এ বর্ণিত সুবিধা ব্যতীত অন্যান্য সকল সংস্থানগুলি প্রত্যাহার করা হল।
- ৬। সংশোধিত প্রকল্প ১লা এপ্রিল, ২০১৭ থেকে কার্যকর হবে।
- ৭। এই বিজ্ঞপ্তিটি অর্থ দপ্তরের ইউ ও নং গ্রুপ - এল / ২০১৬-২০১৭, তারিখ: ২১/৩/২০১৭, এর মাধ্যমে গৃহীত সম্মতি অনুসারে প্রকাশিত হল।

মহামান্য রাজ্য পালের আদেশানুসারে
স্বাক্ষর /-
গোপাল কৃষ্ণ
অতিরিক্ত মুখ্য সচিব,
পশ্চিমবঙ্গ সরকার